

আদমজী ক্যান্টনমেন্ট কলেজ

ঢাকা ক্যান্টনমেন্ট

কলেজ লাইব্রেরির ব্যবহার বিধি

বিষয়	বিবরণ
লাইব্রেরির সদস্য	ক) কলেজে কর্মরত সকল শিক্ষক/শিক্ষিকা, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্র/ছাত্রী লাইব্রেরির সদস্য বলে বিবেচিত হবেন। সদস্য নন, এমন কোন ব্যক্তির নিকট লাইব্রেরির বই ইস্যু করা হবে না।
লাইব্রেরির সাধারণ নিয়ম	ক) গ্রন্থাগারের সুন্দর ও সুশৃংখল পরিবেশ রক্ষার জন্য সকল ব্যবহারকারীকে সর্বদা নীরাবতা পালন করতে হবে।
ব্যক্তিগত বই এবং ব্যাগ	ক) গ্রন্থাগার ব্যবহারকারীরা ব্যাগ রাখার স্থানে নিজ দায়িত্বে ব্যক্তিগত বই এবং ব্যাগ রেখে লাইব্রেরিতে প্রবেশ করবে। অর্থাৎ ব্যক্তিগত বই এবং ব্যাগ নিয়ে লাইব্রেরিতে প্রবেশ করা যাবে না। তবে খাতা-কলম নিয়ে প্রবেশ করা যাবে। ব্যাগে মূল্যবান কোন সামগ্রী রাখা যাবে না। লাইব্রেরির ব্যাগ রাখার স্থানে কেবলমাত্র লাইব্রেরি ব্যবহারকারীরাই ব্যাগ রাখতে পারবে। অর্থাৎ ব্যাগ রেখে লাইব্রেরি ব্যতীত ক্লাসে, মাঠে, কমন রুমে বা অন্য কোথাও যাওয়া যাবে না।
লাইব্রেরিতে পড়া	ক) গ্রন্থাগার ব্যবহারকারীরা উন্মুক্ত শেলফ হতে বই নিয়ে লাইব্রেরিতে পড়বে। পড়া শেষে যথাস্থানে / শেলফ নং অনুযায়ী বইগুলি সুন্দরভাবে সাজিয়ে রাখবে।
বই ক্রয়	ক) লাইব্রেরি ব্যবহারকারী তাদের চাহিদাকৃত প্রয়োজনীয় বইয়ের নাম, লেখকের নাম ও প্রকাশনীর নাম লাইব্রেরিতে সংরক্ষিত খাতায় লিপিবদ্ধ করবে। বই ক্রয়ের সময় লাইব্রেরিয়ান তা যাচাই বাছাই করে ক্রয়ের জন্য কমিটিকে অবহিত করবে।
বই লেনদেন	ক) বই লেনদেনের সময় গ্রন্থাগার ব্যবহারকারীরা আই.ডি কার্ড দেখাবে। লাইব্রেরির কর্মকর্তা/ কর্মচারী লাইব্রেরি সফটওয়্যারে ব্যবহারকারীর ছবি, নাম ইত্যাদি মিলিয়ে বারকোডের মাধ্যমে (যদি থাকে) বই ইস্যু করবে। কোন ভাবেই অন্যের আই.ডি ব্যবহার করে বই নেওয়া যাবে না। বই লেনদেনের সময় ব্যবহারকারীকে লাইনে দাড়াতে হবে। খ) বই ফেরত দেওয়ার নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ার পর বই ফেরত না পেলে লাইব্রেরিয়ান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
সময়কাল	ক) একজন ছাত্র/ ছাত্রীকে তার আই.ডি এর অধীনে ১০ দিনের জন্য ৫ টি বই ইস্যু করা যাবে। ১০ দিন পর বই কলেজ লাইব্রেরিতে নিয়ে এসে পুনঃইস্যু করা যাবে।
জরিমানা	ক) ব্যবহারকারী যথাসময়ে বই ফেরত না দিলে বই ফেরত দেওয়ার তারিখের পরের দিন হতে (সরকারী ছুটিসহ) প্রত্যেক বইয়ের জন্য প্রতিদিনে ১ (এক টাকা) হারে জরিমানা দিতে হবে। খ) বই ফেরত দেওয়ার তারিখের আগে যদি কলেজ ছুটি থাকে, তাহলে কলেজ খোলার প্রথম কর্মদিবসে বই জমা দিতে হবে। অন্যথায় বই ফেরত দেওয়ার তারিখের পরের দিন থেকেই প্রত্যেক বইয়ের জন্য প্রতিদিনে ১ (এক টাকা) হারে জরিমানা দিতে হবে।
বই হারানো	ক) বই হারিয়ে গেলে অথবা নষ্ট হলে উক্ত বই এর অনুরূপ ( অর্থাৎ বইটির লেখক ও শিরোনাম একই হতে হবে) নতুন সংস্করণের বই লাইব্রেরিতে জমা দিতে হবে। অন্যথায় বই এর গায়ে নির্ধারিত মূল্যের দ্বিগুণ মূল্য পরিশোধ করতে হবে। বিদেশী বই এর ক্ষেত্রে বই এর গায়ে নির্ধারিত মূল্যের তিনগুণ মূল্য পরিশোধ করতে হবে। বিশেষ গুরুত্বপূর্ণ দুষ্প্রাপ্য/পুরাতন বই এর জন্য আসল মূল্যের চারগুণ মূল্য ধরা হবে। এ বিষয়ে লাইব্রেরি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
শিক্ষার্থীদের বই ধার করণের/ ইস্যুকরণের সর্বশেষ সময়/তারিখ	নিম্নের নিয়মে তারা কলেজ লাইব্রেরি হতে বই ধার নিতে পারবে: ক। দ্বাদশ শ্রেণীর সকল শিক্ষার্থী নির্বাচনী পরীক্ষা পর্যন্ত বই ইস্যু করে বাসায় নিতে পারবে। খ। বিবিএ প্রোগ্রামের শিক্ষার্থীগণ ৮ম সেমিস্টারের (চূড়ান্ত পরীক্ষার) ফরম ফিলাপের পূর্ব পর্যন্ত বই ইস্যু করে বাসায় নিতে পারবে। গ। স্নাতক (সম্মান) এর শিক্ষার্থীগণ ৪র্থ বর্ষের ফরম ফিলাপের পূর্ব পর্যন্ত বই ইস্যু করে বাসায় নিতে পারবে। ঘ। মাস্টার্স শেষ বর্ষের শিক্ষার্থীগণ ফরম ফিলাপের পূর্ব পর্যন্ত বই ইস্যু করে বাসায় নিতে পারবে।
রেফারেন্স বই	ক) রেফারেন্স বই বাসায় ইস্যু করা যাবে না। কেবল দাপ্তরিক প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে ১৪ দিনের জন্য রেফারেন্স বই ইস্যু করা যেতে পারে।
পত্রিকা	ক) লাইব্রেরির দৈনিক পত্রিকা এবং সাময়িকি বাসায় পড়ার জন্য ইস্যু করা যাবে না।
সমস্যা/অভিযোগ	ক) লাইব্রেরি ব্যবহারকারীদের কোন সমস্যা/অভিযোগ থাকলে তা নিরসনকল্পে এবং গ্রন্থাগারের সার্বিক উন্নতির প্রয়াসে একটি অভিযোগ খাতা কাউন্টারের সামনে থাকবে। সদস্যবৃন্দ সেখানে তাদের অভিযোগ/ সুপারিশ লিপিবদ্ধ করতে পারবেন অথবা লাইব্রেরিয়ানকে অবহিত করবেন।
ইন্টারনেট	ক) লাইব্রেরিতে ইন্টারনেটেট এর ছাত্র/ছাত্রীরা ২০ মিনিট করে ইন্টারনেট ব্যবহার করতে পারবে।